# [illegible] উপজেলা পরিষদের ৫৬ তম সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব আব্দুল মোমিন চৌধুরী ,চেয়ারম্যান ,উপজেলা পরিষদ ,কানাইঘাট ,সিলেট
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলনকক্ষ ,কানাইঘাট
তারিখ : ১১ জানুয়ারি ২০২৪
সময় : সকাল ১০.০০ ঘটিকা

উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা ; পরিশিষ্ট "ক এবং খ"।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে মুখ্য নির্বাহী কর্মকর্তা কর্তৃক বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ ও অনুমোদিত হয়। অতঃপর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয় :

| ক্রঃ নং | আলোচ্য বিষয়/বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ৪র্থ শ্রেণির জনবল কম থাকার কারণে জনগনকে চিকিৎসা সেবা দেওয়া খুবই সমস্যা হচ্ছে বিধায় জরুরী ভিত্তিতে জনবল প্রদায়ন করা প্রয়োজন।<br><br>তিনি আরোও জানান যে, উপজেলা হেলথকেয়ার অপারেশন প্লান থেকে প্রাপ্ত নতুন আলট্রাসনোগ্রাম মেশিন ইনস্টল্যাশন করার পর ডিসেম্বর-২০২৩ইং মাস হতে সেবা চালু করা হয়েছে বলে সভাকে অবহিত করেন। | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ৪র্থ শ্রেণির জনবল প্রদায়নের নিমিত্তে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০২ | আইন-শৃঙ্খলা বিভাগ | অফিসার ইনচার্জ কানাইঘাট থানা সভায় জানান, কানাইঘাট পৌরসভার অর্ন্তগত কানাইঘাট বাজারে নির্ধারিত কোন ময়লা আর্বজনা ফেলার স্থান না থাকার কারণে অত্র বাজারের আশেপাশে ময়লা আর্বজনা ফেলানো হয়ে থাকে । বাজার পরিবেশের পরিচ্ছন্নতা রাখার স্বার্থে জরুরী ভিত্তিতে ময়লা আর্বজনা ফেলানোর নির্ধারিত স্থান করা প্রয়োজন বলে সভাকে অবহিত করেন।<br><br>চেয়ারম্যান ০৫ নং বড়চতুল ইউনিয়ন পরিষদ জানান,বিগত কয়েকদিন আগে অত্র ইউনিয়নের কয়েকটি গ্রামে গরু চুরি বেড়েছে। উক্ত ইউনিয়নে পুলিশ টহল বাড়ানোর জন্য সভাকে অনুরোধ জানান। | কানাইঘাট পৌরসভার অর্ন্তগত কানাইঘাট বাজারের ময়লা আর্বজনা ফেলানোর স্থান নির্ধারণ করার জন্য মেয়র, কানাইঘাট পৌরসভা মহোদয়কে অনুরোধ করা হলো।<br><br>০৫ নং বড়চতুল ইউনিয়নে গরু চুরি রোধে পুলিশ টহলের ব্যবস্থা আরোও জোরদার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। | মেয়র কানাইঘাট পৌরসভা/ অফিসার ইনচার্জ কানাইঘাট থানা কানাইঘাট, সিলেট |
| ০৩ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান, অত্র উপজেলার ১৩০ টি সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং ৪৬ টি কিন্ডার গার্ডেন স্কুলের মধ্যে ০১ জানুয়ারি ২০২৪ খ্রিঃ তারিখে উৎসবমুখর পরিবেশে বই উৎসব ও ছাত্র-ছাত্রীদের মাঝে বই বিতরণ করা হয়েছে। সকল প্রাথমিক বিদ্যালয়ে নতুন বছরের শ্রেণি-রুটিন অনুযায়ী পাঠদান কার্যক্রম শুরু হয়েছে এবং | অত্র উপজেলায় প্রাথমিক শিক্ষার মান উন্নয়নে সার্বিক সহযোগিতা করার জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ করা হলো। | উপজেলা শিক্ষা কর্মকর্তা/ সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ কানাইঘাট, সিলেট |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | প্রাথমিক শিক্ষার মান উন্নয়নে সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | | |
| ০৪ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান, সুষ্ঠু ও সুন্দরভাবে নতুন কারিকলাম (৮ম-৯ম)শ্রেণির প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন হয়েছে এবং বিনামুল্যে পাঠ্যপুস্তক বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। আগামী ১৫-০১-২০২৪ খ্রি: তারিখ হতে উপজেলা পর্যায়ে স্কুল মাদ্রাসা ও কারিগরি শিক্ষক সমিতির শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতা শুরু হবে। উক্ত ক্রীড়া প্রতিযোগিতা সুষ্ঠু,সুন্দর ও সফল ভাবে সম্পন্ন করার লক্ষ্যে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। | উপজেলা পর্যায়ে স্কুল মাদ্রাসা ও কারিগরি শিক্ষক সমিতির শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতা সুষ্ঠু,সুন্দর ও সফল ভাবে সম্পন্ন করার লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০৫ | স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে,২০২৩-২০২৪ অর্থ বছরের উন্নয়ন কর্মসূচী (এডিপি) এর প্রকল্পের তালিকা নিম্নরুপ :-<br>১. নুন খালের মুখ হতে পূর্বমুখী রাস্তা মেরামত = ১,৭০,০০০.০০<br>২. ত্রিমুখী পিচের মুখ হতে পশ্চিমমুখী রাস্তা মেরামত = ১,৫০,০০০.০০<br>৩. লোহাজুরী নয়াবাজার হতে পূর্বমুখী রাস্তা সিসি দ্বারা উন্নয়ন = ৬,৬৫,০০০.০০<br>৪. বুধবারী বাজার দিঘীরঘাট হইতে আমরি খালের ঘাট পর্যন্ত রাস্তা ইটসলিং দ্বারা উন্নয়ন = ১,৪৮,০০০.০০<br>৫. সুরমা ডাইক সংলগ্ন হানিফ আলী মেম্বারের বাড়ীর পাশে ইউ-ড্রেইন নির্মাণ = ১,৫০,০০০.০০<br>৬. সুরইঘাট উত্তর বাজার পুরাতন ব্রীজ হইতে লোভাছড়া মুখী রাস্তা সিসি দ্বারা উন্নয়ন = ১,১৫,০০০.০০<br>৭. কুকুবাড়ী সাহেদের বাড়ীর সামনা হইতে সুরমা ডাইক পর্যন্ত রাস্তা উন্নয়ন = ২,০০,০০০.০০<br>৮. এনামের উদ্দিনের বাড়ীর সামনা হইতে কুকুবাড়ী হারুনের বাড়ীর সামনা পর্যন্ত রাস্তা উন্নয়ন = ১,৫০,০০০.০০<br>৯. কুওরঘড়ি বাশারের বাড়ী হইতে ইদ্রিসের বাড়ী পর্যন্ত রাস্তা উন্নয়ন = ১,৫০,০০০.০০<br>১০. বাউরভাগ স্কুল সংলগ্ন পয়েন্ট হইতে বাউরভাগ মসজিদ মুখী রাস্তা ইটসলিং দ্বারা উন্নয়ন = ৬,২০,০০০.০০<br>১১. ২নং লক্ষীপ্রসাদ পশ্চিম ইউনিয়নের ০৭নং ওয়ার্ডের লামারগ্রাম নূর আহমদের বাড়ীর পিছনে হাওরগামী রাস্তায় কালভার্ট নির্মাণ = ২,০০,০০০.০০<br>১২. ২নং লক্ষীপ্রসাদ পশ্চিম ইউনিয়নের ১নং ওয়ার্ডের বড়বন্দ ঈদগাহ গেইট হইতে মোঃ শরীফ হুজুরের বাড়ীর সামনা পর্যন্ত রাস্তা ইটসলিং দ্বারা উন্নয়ন = ১,৩০,০০০.০০<br>১৩. দর্পনগর পশ্চিম হাজী নূর মোহাম্মদ হিফজ মাদ্রাসার উন্নয়ন = ২,০০,০০০.০০<br>১৪. দর্পনগর পশ্চিম জিতপুর মোকামের রাস্তায় | ক) বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি)এর উপস্থাপিত প্রকল্প তালিকা যাচাই-বাছাই পূর্বক সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো।<br><br>খ) Establishing Digital Connectivity (EDC) প্রকল্পের আওতায় উপজেলা প্রশাসনিক ভবনের ৫ম তলা উর্দ্ধমুখী সম্প্রসারণ করার নিমিত্তে প্রাক্কলন অনুযায়ী বর্ণিত কাজটি বাস্তবায়নের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>গ) উপজেলা পরিষদের হলরুম সংস্কার প্রকল্প;(২) উপজেলা পরিষদের হলরুমের জন্য আসবাবপত্র সরবরাহ প্রকল্প;(৩)উপজেলা পরিষদের পুকুরপাড় সংস্কার প্রকল্প ; (৪) উপজেলা চেয়ারম্যান মহোদয় ও উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের বাসভবন সংস্কার প্রকল্প;(৫) উপজেলা পরিষদের সমতা কোয়ার্টার,সততা কোয়ার্টার ও মৌচাক কোয়ার্টার সংস্কার প্রকল্পগুলো অনুমোদন করা হলো এবং প্রাক্কলন প্রস্তুত পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী কে অনুরোধ করা হলো।<br><br>ঘ) সিলেট (টিলাগড়)-গাছবাড়ী জিসি-কানাইঘাট অংশ বুরহান উদ্দিন রাস্তাটি মেরামত করার | উপজেলা প্রকৌশলী কানাইঘাট, সিলেট |

| | | | | |
|---|---|---|---|---|
| | | গার্ডওয়াল নির্মাণ = ১,০০,০০০.০০<br>১৫. শাহাপুর রাস্তা হইতে আলকাছের বাড়ী পর্যন্ত রাস্তা ইটসলিং দ্বারা উন্নয়ন = ১,৪৫,০০০.০০<br>১৬. দর্পনগর পূর্ব শাহী ঈদগাহ পিচের মুখ হইতে মইন মিয়ার বাড়ী পর্যন্ত সিসি দ্বারা উন্নয়ন = ২,০০,০০০.০০<br>১৭. সি.এন্ড.বি রোড হইতে দিঘীরপার ইউনিয়ন পরিষদ পর্যন্ত রাস্তা সিসি দ্বারা উন্নয়ন = ৩,০০,০০০.০০<br>১৮. ৩নং ইউনিয়নের ৩নং ওয়ার্ডের সিএন্ডবি রোড হইতে মাসুমের বাড়ী পর্যন্ত রাস্তা সিসি দ্বারা উন্নয়ন = ১,৭০,০০০.০০<br>১৯. ৩নং ইউনিয়নের ২নং ওয়ার্ডের সিএন্ডবি রোড হইতে উত্তরমুখী রাস্তার দু'পার্শ্বে গাইড ওয়াল নির্মাণ = ১,৭৫,০০০.০০<br>২০. ৩নং ইউনিয়নের ২নং ওয়ার্ডের সড়কের বাজার মালিক নাহার মেমোরিয়াল একাডেমীর উন্নয়ন = ৯০,০০০.০০<br>২১. পাত্রমাটি আব্দুল আজিজের বাড়ির সম্মুখ হইতে সুরমা ডাইক পর্যন্ত রাস্তা ইটসলিং দ্বারা উন্নয়ন = ১,৭০,০০০.০০<br>২২. দলইরমাটি চরিপাড়া রাস্তা হইতে ঠাকুরের মাটি জামে মসজিদ পর্যন্ত রাস্তা সিসি দ্বারা উন্নয়ন = ৩,১০,১০৫.০০<br>২৩. ভবানীগঞ্জ বাজার জয়পুর রাস্তায় সদিওলের মাটি ফখরুলের দোকানের উত্তরপার্শে ইউ-ড্রেইন নির্মাণ = ১,৬৪,৮৯৫.০০<br>২৪. জুলাই মাঝরচটি ইসমাইল আলী সাহেবের বাড়ির সম্মুখ হইতে বাংলা বাজার টু ভবানীগঞ্জ মুখী রাস্তা সিসি দ্বারা উন্নয়ন = ১,০০,০০০.০০<br>২৫. জুলাই ঈদগাহ হইতে দক্ষিণ দিকে আব্দুল হাফিজের বাড়ি পর্যন্ত সিসি দ্বারা উন্নয়ন = ২,০০,০০০.০০<br>২৬. ৪নং সাতবাঁক ইউনিয়নের ১নং ওয়ার্ডের রইছ উদ্দীনের বাড়ির সামনে সুরমা ডাইক হইতে পুলিনের বাড়ির সামনা পর্যন্ত রাস্তা সিসি দ্বারা উন্নয়ন = ১,৩০,০০০.০০<br>২৭. ০৫নং ওয়ার্ডের দলকিরাই বিলাল আহমদের বাড়ি হইতে সেলিম আহমদের বাড়ি পর্যন্ত রাস্তা ইটসলিং দ্বারা উন্নয়ন = ৩,০০,০০০.০০<br>২৮. সি এন্ড বি রোড হইতে নয়াগ্রাম আব্দুল্লাহ মেম্বার সাহেবের বাড়ি পর্যন্ত রাস্তা ইটসলিং দ্বারা উন্নয়ন = ৩,০০,০০০.০০<br>২৯. মালীগ্রাম সি এন্ড বি বাসস্ট্যান্ড হইতে বড় মসজিদ পর্যন্ত রাস্তা সিসি দ্বারা উন্নয়ন = ২,০০,০০০.০০<br>৩০. ০৯নং ওয়ার্ডের কুল্লা এসডি এফ অফিসের সম্মুখ হইতে উত্তরমুখী রাস্তা ইটসলিং দ্বারা উন্নয়ন = ১,৪৫,০০০.০০<br>৩১. ৫নং বড়চতুল ইউনিয়নের ০৯নং ওয়ার্ডের হকারাই - তেলিবাড়ী রাস্তা হইতে নগলারপার মাদ্রাসা পর্যন্ত সড়ক সিসি দ্বারা উন্নয়ন = ১,৩৫,০০০.০০<br>৩২. ৬নং কানাইঘাট সদর ইউনিয়নের ৮নং ওয়ার্ডের ছোটদেশ উচ্চ বিদ্যালয়ে ফার্নিচার সরবরাহ = ২,০০,০০০.০০ | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হলো। | |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | ৩৩. ৬নং কানাইঘাট সদর ইউনিয়নের ৩নং ওয়ার্ডে চটিগ্রাম নুরুল আমিনের বাড়ি হইতে হাওর মুখী রাস্তা ইটসলিং দ্বারা উন্নয়ন = ২,০০,০০০.০০<br>৩৪. ৬নং কানাইঘাট সদর ইউনিয়নের ৪নং ওয়ার্ডে বুরহান উদ্দিন রোড হইতে লক্ষীপুর জামে মসজিদ মুখী রাস্তা সিসি দ্বারা উন্নয়ন = ২,০০,০০০.০০<br>৩৫. ৬নং কানাইঘাট সদর ইউনিয়নের ৫নং ওয়ার্ডে মরহুম হুছন ডাক্তার সাহেবের বাড়ি হইতে দক্ষিণ মুখী বীরদল আগফৌদ জামে মসজিদ মুখী রাস্তা ইটসলিং দ্বারা উন্নয়ন = ২,৪৫,০০০.০০<br>৩৬. ৬নং কানাইঘাট সদর ইউনিয়নের ২নং ওয়ার্ডে নগলারপার মুখী এলজিইডি রোড হইতে মুছব্বির মিয়ার বাড়ি মুখী রাস্তা সিসি দ্বারা উন্নয়ন = ১,০০,০০০.০০<br>৩৭. ৬নং কানাইঘাট সদর ইউনিয়নের ১নং ওয়ার্ডের আগ্নিপাড়া কবরস্থান হইতে পূর্ব মুখী রাস্তা সিসি দ্বারা উন্নয়ন = ১,৩৫,০০০.০০<br>৩৮. ৭নং দক্ষিণ বাণীগ্রাম ইউনিয়নের ১,২,৩,৪, ও ৫ নং ওয়ার্ডে রিং ও স্লাব বিতরণ = ১,৮০,০০০.০০<br>৩৯. ৭নং দক্ষিণ বাণীগ্রাম ইউনিয়নের ৬,৭,৮, ও ৯ নং ওয়ার্ডে রিং ও স্লাব বিতরণ=১,০০,০০০.০০<br>৪০. বাণীগ্রাম মোহাম্মদ আলীর বাড়ীর নিকট হইতে উত্তর মুখী রাস্তা সিসি দ্বারা উন্নয়ন = ২,০০,০০০.০০<br>৪১. বড়দেশ উত্তর চাঁন মিয়ার বাড়ীর নিকট হইতে দক্ষিণমূখী রাস্তা ইটসলিং দ্বারা উন্নয়ন = ২,১৯,২০০.০০<br>৪২. নিজ বাউরভাগ পূর্ব বশির মিস্ত্রির বাড়ীর নিকট হইতে পূর্বমূখী রাস্তা সিসি দ্বারা উন্নয়ন = ২,৪৫,৮০০.০০<br>৪৩. আগফৌদ নারাইনপুর ঈদগাহের পার্শ্ববর্তী খালের উপর কালভার্ট নির্মাণ = ৬,৪০,০০০.০০০<br>৪৪. ৮নং ঝিংগাবাড়ী ইউনিয়নের গোয়ালজুর মাঝের খালের উপর পুরাতন কালভার্ট সংস্কার ও গার্ডওয়াল নির্মাণ = ২,০০,০০০.০০<br>৪৫. দর্জিমাটি খালের দক্ষিণপার্শ্বের রাস্তায় আম্বিয়ার বাড়ি হইতে ঈদগাহ পর্যন্ত রাস্তা সিসি দ্বারা উন্নয়ন = ৩,০০,০০০.০০<br>৪৬. ৮নং ঝিংগাবাড়ী ইউনিয়নের ৭নং ওয়ার্ডের মিরাটি জামে মসজিদের কালভার্ট হইতে দক্ষিণ দিকে মতিন মহাজনের কালভার্ট পর্যন্ত রাস্তা সিসি দ্বারা উন্নয়ন = ১,৭০,০০০.০০<br>৪৭. ৯নং রাজাগঞ্জ ইউনিয়নের ৭নং ওয়ার্ডের হামিদপুর গ্রামের বুরহান উদ্দিন রোড এর পার্শ্বে বক্স কালভার্ট ও ইট সলিং দ্বারা উন্নয়ন = ৪,৬১,৫০০.০০<br>৪৮. ৯নং রাজাগঞ্জ ইউনিয়নের ৮নং ওয়ার্ডের বীরদল আনছারপুর পশ্চিম জামে মসজিদ সংলগ্ন কালভার্ট নির্মাণ = ২,০০,০০০.০০<br>৪৯. ৯নং রাজাগঞ্জ ইউনিয়নের ৬নং ওয়ার্ডের বুরহান উদ্দিন রোড হইতে লোকমানের বাড়ী পর্যন্ত রাস্তা সিসি দ্বারা উন্নয়ন = ৫,০০,৫০০.০০<br>৫০. কানাইঘাট উপজেলার কৃষকদের মধ্যে সরিষা বীজ বিতরণ = ১,৫০,০০০.০০<br>৫১. মহেশপুর গ্রামের সরকারী পুকুর সংস্কার=৫০,০০০.০০<br>৫২. কানাইঘাট উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্টানে চেয়ার বিতরণ = ১,৫০,০০০.০০ | | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ৫৩. কানাইঘাট উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্টানে ক্রীড়া সামগ্রী বিতরণ = ২,০০,০০০.০০<br>৫৪. কানাইঘাট উপজেলার হতদরিদ্র শিক্ষার্থীদের মধ্যে স্কুল ব্যাগ বিতরণ = ২,০০,০০০.০০<br>৫৫. কানাইঘাট উপজেলার বিভিন্ন কমিউনিটি ক্লিনিকে চেয়ার সরবরাহ = ১,৬৭,০০০.০০<br>৫৬. কানাইঘাট উপজেলাধীন ধর্মপুর (পিল্লাকান্দি) মসজিদের উন্নয়ন = ৭৫,০০০.০০<br>৫৭. কানাইঘাট উপজেলাধীন ডালাইচর গ্রামের জামে মসজিদের উন্নয়ন = ১,০০,০০০.০০<br>৫৮. কানাইঘাট উপজেলাধীন নন্দিরাই পশ্চিম জামে মসজিদের উন্নয়ন = ৫০,০০০.০০<br>৫৯. উপজেলার হতদরিদ্র ও প্রশিক্ষণ প্রাপ্ত মহিলাদের মধ্যে সেলাই মেশিন বিতরণ = ৩,৪০,০০০.০০<br><br>উপজেলা প্রকৌশলী জানান যে, **Establishing Digital Connectivity (EDC)** প্রকল্পের আওতায় উপজেলা প্রশাসনিক ভবনের ৫ম তলা উর্দ্ধমুখী সম্প্রসারণ করার নিমিত্তে প্রাক্কলন অনুমোদিত হয়েছে। বর্ণিত কাজটি বাস্তবায়নের জন্য সভাকে অবহিত করেন।<br><br>উপজেলা প্রকৌশলী আরোও জানান যে, উপজেলা পরিষদের হলরুম সংস্কার প্রকল্প;(২) উপজেলা পরিষদের হলরুমের জন্য আসবাবপত্র সরবরাহ প্রকল্প;(৩)উপজেলা পরিষদের পুকুরপাড় সংস্কার প্রকল্প (৪) উপজেলা চেয়ারম্যান মহোদয় ও উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের বাসভবন সংস্কার প্রকল্প;(৫) উপজেলা পরিষদের সমতা কোয়ার্টার,সততা কোয়ার্টার ও মৌচাক কোয়ার্টার সংস্কার করা প্রয়োজন বলে সভায় প্রস্তাব করেন।<br><br>চেয়ারম্যান,০৭ নং দক্ষিণ বাণীগ্রাম ও ০৮ নং ঝিঙ্গাবাড়ী ইউনিয়ন পরিষদ জানান, সিলেট(টিলাগড়)-গাছবাড়ী জিসি-কানাইঘাট অংশ বুরান উদ্দিন রাস্তার অবস্থা খুবই খারাপ থাকার কারণে জনগণ ও গাড়ী চলাচল করা অনুপযোগী হয়ে পড়েছে। এলাকার জনগণের স্বার্থে উক্ত রাস্তাটি জরুরী ভিত্তিতে মেরামত করা প্রয়োজন বলে সভাকে অবহিত করেন। | | |
| ০৬ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, বর্তমানে বোরো মৌসুমে প্রায় ৬৩০০ হেক্টর জমিতে বোরো ধান আবাদের লক্ষমাত্রা নির্ধারণ করা হয়েছে। উপজেলায় পর্যাপ্ত সার, কীটনাশক ও কৃষি উপকরন মজুদ রয়েছে। এছাড়াও বর্তমান সময়ে যে সকল নতুন প্রযুক্তি মাঠে গিয়াছে সেগুলো কৃষক-কৃষানীদের অবহিত করণের জন্য ২২(বাইশ)টি মাঠ দিবস অনুষ্ঠিত হবে বলে সভাকে অবহিত করেন। | উপজেলা কৃষি বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা<br>কৃষি কর্মকর্তা<br>কানাইঘাট, সিলেট |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ০৭ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় মৎস্য বিভাগের কোনো অগ্রগতি জানা যায়নি। | উপজেলা মৎস্য কর্মকর্তাকে প্রতি সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মৎস্য কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০৮ | প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় প্রাণিসম্পদ বিভাগের কোনো অগ্রগতি জানা যায়নি। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে প্রতি সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০৯ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান, ২০২৩-২০২৪ অর্থ বছরে সামাজিক নিরাপত্তা কার্যক্রমের অধীনে প্রতিবন্ধী ভাতা কার্যক্রমে ৯৬২ টি বরাদ্দ পাওয়া গিয়াছে। উক্ত ভাতা কার্যক্রম বাস্তবায়নে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ সহযোগিতা করার জন্য সভায় অনুরোধ জানান। | সামাজিক নিরাপত্তা কার্যক্রমের অধীনে প্রতিবন্ধী ভাতা কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট ইউনিয়ন চেয়ারম্যানগণ সহযোগিতা করার জন্য সভায় অনুরোধ করা হলো। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা/ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ কানাইঘাট,সিলেট |
| ১০ | দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান, উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগের বিভাগীয় কার্যক্রম চলমান রয়েছে বলে সভাকে অবহিত করেন। | উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১১ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় পরিবার পরিকল্পনা বিভাগের কোনো অগ্রগতি জানা যায়নি। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে প্রতি সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১২ | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান, ডিব্লিউবি কার্যক্রম : ডিওব্লিউবি কার্যক্রমের আওতায় ১২৫০ জন উপকারভোগী রয়েছে। প্রতি মাসে ৩০ কেজি হারে পুষ্টি চাউল বিতরণ করা হয়। এবং ২২০/- টাকা করে উপকারভোগীগণ সঞ্চয়ের টাকা তাদের নিজ হিসাব নম্বরে জমা রাখেন এবং ডিসেম্বর-২৩ মাস পর্যন্ত খাদ্য বিতরণ করা হয়েছে।<br><br>আই.সি ভি.জি.ডি কর্মসূচি : আই.সি ভি.জি.ডি কর্মসূচির আওতায় ৯৮৯ জন উপকারভোগী রয়েছেন। চুক্তিবদ্ধ উদ্দীপন এনজিও কর্তৃক উক্ত উপকারভোগীদেরকে উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। প্রশিক্ষণ শেষে উক্ত উপকারভোগীগণ ক্ষুদ্র ব্যবসা করার জন্য প্রতি জনকে ২০,০০০/(বিশ হাজার)টাকা দেওয়া হবে।<br><br>মা ও শিশু সহায়তা কর্মসূচি : উক্ত কর্মসূচির আওতায় ৮৮৫২ জন ভাতাভোগী রয়েছেন এবং প্রতি ম্যাসেই বরাদ্দ অনুযায়ী অনলাইনের মাধ্যমে ভাতাভোগী নির্বাচন করা হয় এবং প্রতিমাসে ৮০০/-(আটশত)টাকা হারে ভাতা প্রদান করা হয়।<br><br>কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প : উক্ত প্রকল্পের আওতায় ১০টি ক্লাব রয়েছে জানুয়ারি-২০২৪ সালের নতুন সদস্য ভর্তি কার্যক্রম সম্পন্ন হয়েছে বলে সভাকে অবহিত করেন। | উপজেলা মহিলা বিষয়ক বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ জানানো হলো। | উপজেলা মহিলাবিষয়ক কর্মকর্তা কানাইঘাট, সিলেট |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ১৩ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় পল্লী উন্নয়ন বিভাগের কোনো অগ্রগতি জানা যায়নি। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে প্রতি সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৪ | আনসার ও ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানান,আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে আনসার ও ভিডিপির ৯৭২ জন সদস্য/সদস্যা তাদের উপর অর্পিত দায়িত্ব অত্যন্ত সুষ্ঠুরূপে পালন করেছে। তাছাড়া ০৮(আট) জন ব্যাটালিয়ন আনসার সদস্য ৩১ ডিসেম্বর থেকে ০৯ জানুয়ারি পর্যন্ত সহকারী রিটার্নিং অফিসারের নেতৃত্বে দায়িত্ব পালন করা হয়েছে বলে সভাকে অবহিত করেন। | উপজেলা আনসার ও ভিডিপি বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ জানানো হলো। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৫ | পল্লীবিদ্যুৎ সমিতি -২ | ডিজিএম পল্লীবিদ্যুৎ সমিতি - ২ সভায় জানান, উপজেলা পল্লীবিদ্যুৎ বিভাগের বিভাগীয় কার্যক্রম চলমান রয়েছে বলে সভাকে অবহিত করেন। | উপজেলা পল্লীবিদ্যুৎ বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ জানানো হলো। | ডিজিএম পল্লীবিদ্যুৎ সমিতি -২ কানাইঘাট, সিলেট |
| ১৬ | তথ্য আপা প্রকল্প | উপজেলা তথ্য আপা কর্মকর্তা ও তাঁর কোনো প্রতিনিধি সভায় উপস্থিত না থাকার কারণে তথ্য আপা প্রকল্পের কোনো অগ্রগতি জানা যায়নি। | উপজেলা তথ্য আপা কর্মকর্তাকে প্রতি সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | তথ্য আপা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৭ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান, উপজেলা সমবায় বিভাগের বিভাগীয় কার্যক্রম চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | উপজেলা সমবায় বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৮ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, যুব উন্নয়ন অধিদপ্তরের আওতাধীন বাস্তবায়িত প্রশিক্ষণ ও ঋণ কার্যক্রম চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | উপজেলা যুব উন্নয়ন বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা যুবউন্নয়ন কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৯ | বন বিভাগ | উপজেলা বিট কর্মকর্তা ও তাঁর কোনো প্রতিনিধি সভায় উপস্থিত না থাকার কারণে বন বিভাগের কোনো অগ্রগতি জানা যায়নি। | উপজেলা বিট কর্মকর্তাকে প্রতি সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা বিট কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ২০ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপজেলা সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) ও তাঁর কোনো প্রতিনিধি সভায় উপস্থিত না থাকার কারণে জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগের কোনো অগ্রগতি জানা যায়নি। | উপজেলা সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য কে প্রতি সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) কানাইঘাট, সিলেট |
| ২১ | খাদ্য নিয়ন্ত্রক বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান, আমন মৌসুমের ধান সংগ্রহ কার্যক্রমের লক্ষ্যমাত্রা ৪৮৪ মে.টন এবং ইতিমধ্যে ২২২ মেট্রিক ধান সংগ্রহ করা হয়েছে বলে সভাকে অবহিত করেন। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কানাইঘাট, সিলেট |
| ২২ | পল্লী সঞ্চয় ব্যাংক | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা সভায় জানান, পল্লী সঞ্চয় ব্যাংক কানাইঘাট শাখায় ২৪৭ টি সমিতির ৬৪৮০ জন প্রান্তিক জনগোষ্ঠি রয়েছেন। দরিদ্র সঞ্চয় ২.৭২ কোটি টাকা। সেই মর্মে সমিতির সদস্যের কাছ থেকে সঞ্চয় আদায়,ঋণ বিতরণ, ঋণ আদায়ের কার্যক্রম চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | উপজেলা পল্লীসঞ্চয় ব্যাংক বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ২৩ | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স | উপজেলা স্টেশন অফিসার ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স জানান, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ০১(এক)টি সেবামূলক প্রতিষ্ঠান হিসেবে আমরা জনগণের যে | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা স্টেশন অফিসার কানাইঘাট,সিলেট |

| | | | | |
|---|---|---|---|---|
| | | সেবা প্রদান নিশ্চিত করে যাচ্ছি অগ্নিকান্ড ও সড়ক-দুর্ঘটনায় উদ্ধারসহ সকল প্রকার প্রাকৃতিক দূর্যোগে সেবা প্রদান যথারীতি চলমান রয়েছে বলে সভাকে অবহিত করেন। | | |
| ২৪ | জন্ম-মৃত্যু নিবন্ধন | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, জন্ম ও মৃত্যু নিবন্ধন সনদ একজন নাগরিকের অত্যন্ত গুরুত্বপূর্ণ দলিল। সভায় জন্ম ও মৃত্যুর ৪৫ দিনের মধ্যে নিবন্ধন করার জন্য গুরুত্বারোপ করা হয়। এছাড়াও অভিনন্দন বার্তা ও শোক বার্তার সাথে নিবন্ধন ফরম প্রেরণ করতে হবে এবং ৪৫ দিনের মধ্যে নিবন্ধন সম্পন্ন করতে হবে। ইউনিয়ন পর্যায়ে নিয়মিত জন্ম ও মৃত্যু টাস্কফোর্স কমিটির সভা আয়োজন করে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন করতে হবে। | (ক) অভিনন্দন বার্তা ও শোক বার্তার সাথে নিবন্ধন ফরম প্রেরণ করে দিনের মধ্যে নিবন্ধন নিশ্চিত করতে হবে এবং প্রতি মাসে লক্ষ্যমাত্রা পূরণ করতে হবে।<br>(খ) ইউনিয়ন পর্যায়ে প্রতিমাসে জন্ম ও মৃত্যু টাস্কফোর্স কমিটির সভা আয়োজন করতে হবে। | চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল) কানাইঘাট, সিলেট |
| ২৫ | গ্রাম আদালত পরিচালনা | আলোচ্যমাসে গ্রাম আদালত পরিচালনায় দায়েরকৃত মামলার সংখ্যা ৯২ টি, নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা ০৭ টি এবং ৮৫ টি মামলা অনিষ্পত্তি অবস্থায় রয়েছে। সভাপতি জনভোগান্তি কমিয়ে আনা ও আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার স্বার্থে সকল ইউপির অনিষ্পন্ন মামলাগুলো দ্রুত নিষ্পত্তি করতে ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করেন। | (ক) সকল অনিষ্পন্ন মামলা দ্রুত নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) গ্রাম আদালতগুলো সক্রিয় করার জন্য জনসচেতনতা বৃদ্ধি করতে হবে। | চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল) কানাইঘাট, সিলেট |
| ২৬ | তথ্য অধিকার আইন,২০০৯ বাস্তবায়ন | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, তথ্য অধিকার আইনের বিষয়ে উপজেলার সকল সরকারি দপ্তর; বেসরকারী প্রতিষ্ঠান সমূহ; সকল এনজিও, সকল ইউনিয়ন পরিষদ এবং এমপিওভূক্ত স্কুল, কলেজ, মাদ্রাসা ও বিশ্ববিদ্যালয়/তথ্য প্রদান ইউনিটে তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ ও আপীল কর্তৃপক্ষ নির্ধারণ করার নির্দেশনা রয়েছে। তাছাড়া দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদেরকে অনলাইনে নিবন্ধন কার্যক্রম সম্পন্ন শেষে অনলাইনে সার্টিফিকেট সংগ্রহ করার অনুরোধ জানান। পাশাপশি সকল ইউনিয়ন পরিষদসহ সকল শিক্ষা প্রতিষ্ঠানকে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ করে উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিতকরণসহ আপীল কর্তৃপক্ষের তথ্যাদি স্ব-স্ব ওয়েব পোর্টাল আপলোড করার অনুরোধ জানান। | তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী জনগণের তথ্য জানার অধিকার নিশ্চিত করতে হবে।<br>দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও আপীল কর্তৃপক্ষ জরুরী ভিত্তিতে নিয়োগ পূর্বক আনলাইন নিবন্ধন কার্যক্রম সম্পন্ন শেষে অনলাইন সার্টিফিকেট দাখিল করতে হবে।<br><br>এমপিভুক্ত স্কুল কলেজ,মাদ্রাসা ও বিশ্ববিদ্যালয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) ও আপীল কর্তৃপক্ষ নির্ধারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সকল সরকারি/ বেসরকারি দপ্তর ও প্রতিষ্ঠান সমূহ; সকল এনজিও; সকল ইউনিয়ন পরিষদ এবং এমপিভুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান কানাইঘাট, সিলেট |
| ২৭ | বিবিধ | ১. সভায় উপজেলা পরিষদের চাহিদার ভিত্তিতে (ক) উপজেলা পরিষদের জীপগাড়ী মেরামত ও জ্বালানী ব্যয়; (খ) উপজেলা পরিষদ চেয়ারম্যান /ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের সম্মানী ভাতা/ভ্রমণ ভাতা (গ) মালি,পরিষ্কার পরিচ্ছন্নতা কর্মী ও পাম্প চালকের বেতন ভাতা বাবদ; (ঘ) উপজেলার পরিষদের আপ্যায়ন ও আনুষাংগিক বাবদ;(ঙ) উপজেলা পরিষদের বনশ্রী কোয়ার্টারের পানির লাইন,হলরুমের পানির লাইন, | ১. উপস্থাপিত প্রকল্পসমূহ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে বিধি মোতাবেক ব্যয় নির্বাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও মুখ্য নির্বাহী কর্মকর্তা উপজেলা পরিষদ কানাইঘাট, সিলেট |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | সততা ডরমেটরীর পানির লাইন,উপজেলা নিহারিকা কোয়ার্টারের পানির লাইন মেরামত বাবদ;(চ) উপজেলা পরিষদ নামীয় প্যাড,খাম ও উপজেলা চেয়ারম্যান মহোদয়ের ভিজিটিং কার্ড বানানো বাবদ ২৫,০০০/-(পঁচিশ হাজার) টাকার বিল উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহের লক্ষ্যে অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। | | |

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

আব্দুল মোমিন চৌধুরী
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা
কানাইঘাট, সিলেট

স্মারক নম্বর: ৪৬.৪৬.৯১৫৯.০০০.০০.০১৮.২২.৪০২(৭১) তারিখ: ২৭ পৌষ ১৪৩০ / ১১ জানুয়ারি ২০২৪

১। মাননীয় সংসদ সদস্য, ২৩৩, সিলেট-৫ নির্বাচনী এলাকা
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা
৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট
৪। জেলা প্রশাসক, সিলেট
৫। উপপরিচালক, স্থানীয় সরকার, সিলেট
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কানাইঘাট, সিলেট
৭। মেয়র, কানাইঘাট পৌরসভা, কানাইঘাট, সিলেট
৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ. কানাইঘাট, সিলেট
৯। উপজেলা -------------------------------- কর্মকর্তা (সকল), কানাইঘাট, সিলেট
১০। চেয়ারম্যান -------------------------------- ইউনিয়ন পরিষদ (সকল), কানাইঘাট, সিলেট
১১। জনাব ------------------------------------ কানাইঘাট, সিলেট
১২। অফিস কপি

ফারজানা নাসরীন
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ,কানাইঘাট,সিলেট

CamScanner

## সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা

| ক্রমিক | নাম | পদবী/ঠিকানা | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব ফারজানা নাসরীন | উপজেলা নির্বাহী অফিসার,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০২ | জনাব লুৎফুর রহমান | মেয়র,কানাইঘাট পৌরসভা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৩ | জনাব মোছাঃ খাদিজা বেগম | ভাইস চেয়ারম্যান (মহিলা) ,উপজেলা পরিষদ,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৪ | জনাব তমিজ উদ্দিন | চেয়ারম্যান,০১ নং লক্ষীপ্রসাদ পূর্ব ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৫ | জনাব মোঃ জামাল উদ্দিন | চেয়ারম্যান,০২ নং লক্ষীপ্রসাদ পশ্চিম ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৬ | জনাব আব্দুর মুমিন চৌধুরী | চেয়ারম্যান,০৩ নং দিঘিরপাড় ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৭ | জনাব মো ঃ আবু তাইয়ীব | চেয়ারম্যান,০৪ নং সাঁতবাক ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৮ | জনাব মো: আব্দুল মালিক চৌধুরী | চেয়ারম্যান,০৫ নং বড়চতুল ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৯ | জনাব আফসার উদ্দিন আহমদ | চেয়ারম্যান,০৬ নং কানাইঘাট সদর ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১০ | জনাব মোঃ লোকমান উদ্দিন | চেয়ারম্যান,০৭ নং দক্ষিণ বাণীগ্রাম ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১১ | জনাব আবু বকর | চেয়ারম্যান,০৮ নংঝিংঙ্গাবাড়ী ইউ/পি, কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১২ | জনাব শামছুল ইসলাম | চেয়ারম্যান,০৯ নং রাজাগঞ্জ ইউ/পি, কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৩ | জনাব ডাঃ সুবল চন্দ্র বর্মন | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৪ | জনাব হায়দার আলী | প্রতিনিধি উপজেলা কৃষি কর্মকর্তার, কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৫ | জনাব মো: জাহাঙ্গীর হোসেন | অফিসার ইনচার্জ, কানাইঘাট থানা, কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৬ | জনাব মো: আবু হানিফা | উপজেলা প্রকৌশলী,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৭ | জনাব রকিবুল ইসলাম তালুকদার | উপজেলা শিক্ষা কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৮ | জনাব নূর মোহাম্মদ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৯ | জনাব মোহাম্মদ জহিরুল ইসলাম | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২০ | জনাব মো : জিলানী | উপজেলা সমাজসেবা কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২১ | জনাব শামছুন্নার | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২২ | জনাব মোস্তাফিদুল হক | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৩ | জনাব মোঃ আলাউদ্দিন | উপজেলা যুবউন্নয়ন কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৪ | জনাব উজ্জ্বল ভট্রাচার্য্য | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৫ | জনাব মো: জামাল উদ্দিন | উপজেলা সমবায় কর্মকর্তা কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৬ | জনাব মো: কামরুজ্জামান | প্রতিনিধি উপজেলা ডিজিএম,পল্লীবিদ্যুৎ সমিতি-২,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৭ | জনাব মামুন রশিদ | প্রতিনিধি উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৮ | জনাব মো: আব্দুল কাদির | উপজেলা স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স,কানাইঘাট ,সিলেট | স্বাক্ষরিত |

## সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট - খ

| ক্রমিক | পদবী/ঠিকানা |
|---|---|
| ০১ | ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,কানাইঘাট,সিলেট |
| ০২ | উপজেলা মৎস্য কর্মকর্তা,কানাইঘাট,সিলেট |
| ০৩ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা,কানাইঘাট,সিলেট |
| ০৪ | উপজেলা বিট কর্মকর্তা কানাইঘাট,সিলেট |
| ০৫ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা,কানাইঘাট,সিলেট |
| ০৬ | উপজেলা সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য),কানাইঘাট, সিলেট |
| ০৭ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,কানাইঘাট,সিলেট |
| ০৮ | উপজেলা তথ্য আপা কর্মকর্তা,কানাইঘাট,সিলেট |
| ০৯ | উপজেলা ইউডিএফ উপজেলা পরিচালন উন্নয়ন প্রকল্প,কানাইঘাট,সিলেট |

CamScanner